গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা কার্যালয়
মধুখালী,ফরিদপুর ।

# জুলাই-২০২৫ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব মো: আ: আউয়াল আকন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,মধুখালী ,ফরিদপুর ।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, মধুখালী ,ফরিদপুর ।
তারিখ: ১৬ /০৭/২০২৫ খ্রি: , সময়: সকাল ১১.০০ টা ।

সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট – ক

উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয় । নির্ধারিত বিষয় নিয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমুহ গৃহীত হয় ।

| ক্র:নং | আলোচনার বিষয় | সিদ্ধান্তসমুহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১। | জুলাই গণঅভ্যুত্থান বর্ষ বার্তা | **প্রতিষ্ঠানের প্রাচীর বা দেয়ালে** জুলাই গণঅভ্যুত্থান এর সাথে সম্পর্কিত **গ্রাফিতি অংকন করে ছবি তুলে ৮ ইঞ্চি বাই ১০ ইঞ্চি সাইজে স্টুডিও ফটো পেপারে প্রিন্ট করে এবং** জুলাই গণঅভ্যুত্থান এর সাথে সম্পর্কিত **চিত্রাংকন করে ১১ ইঞ্চি বাই ১৪ ইঞ্চি সাইজের আর্ট পেপারে অংকন করে সেরা ৩টি ছবি** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে জমা দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয় । | ১। প্রতিষ্ঠান প্রধানসহ শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষক কর্মচারী ও শিক্ষার্থী । |
| ০২। | ওয়েব সাইড আপডেট | ৩১ জুলাই ২০২৫ এর মধ্যে শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল,কলেজ ও মাদ্রাসা ) স্মার্ট ওয়েব সাইড আপডেট করে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয় । মাধ্যমিক শিক্ষা অফিস,মধুখালী এর ওয়েব সাইড www. useomadhukhali. gov.bd এর আলোকে ওয়েব সাইড development করতে হবে । | ১।শিক্ষা প্রতিষ্ঠান প্রধান |
| ০৩। | SSC পরীক্ষার ফলাফল পর্যালোচনা | SSC পরীক্ষার ফলাফল পর্যালোচনা করে দেখা যায় ফরিদপুর জেলার মধ্যে মধুখালী উপজেলার ফলাফল সর্বনিম্ন যা মোটেই কাম্য নয় । পরীক্ষার ফলাফল সন্তোষজনক পর্যায়ে নেওয়ার জন্য কতিপয় সিদ্ধান্ত গৃহীত হয় । **যেমন ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণিপর্যন্ত কোন অকৃতকার্য শিক্ষার্থী পরবর্তী শ্রেণিতে প্রমোশন পাবে না । এস এস সি পরীক্ষা ২০২৫ এ অকৃতকার্য হয়েছে তারাসহ নতুন শিক্ষার্থীরা সকলকেই (test) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে । যে সকল শিক্ষার্থী নির্বাচনী পরীক্ষায় অকৃতকার্য হবে তারা কোনক্রমেই ফরম ফিলাপ করতে পারবে না । বিষয় ভিত্তিক দূর্বল শিক্ষার্থী চিহ্নিত করে অতিরিক্ত ক্লাস নিতে হবে । সে ক্ষেত্রে২০১০ সালের কোচিং বানিজ্য নীতিমালা অনুসরণ করার** সিদ্ধান্ত গৃহীত হয় । | ১। প্রতিষ্ঠান প্রধানসহ শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষক ও শিক্ষার্থী । |
| ০৪। | জলবায়ূ সচেতনতা | জলবায়ূ সচেতনতার জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠানে বৃক্ষরোপন করার সিদ্ধান্ত গৃহীত হয় । | ১। প্রতিষ্ঠান প্রধানসহ শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষক কর্মচারী ও শিক্ষার্থী । |

| | | | |
|---|---|---|---|
| ০৫। | বিবিধ | ১। সরকার কর্তৃক নির্ধারিত বিভিন্ন জাতীয় দিবসসহ মন্ত্রনালয় কর্তৃক আরোপিত সকল কাযক্রম প্রতিষ্ঠানে গুরুত্বের সাথে পালনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। সকল শিক্ষক কর্মচারী ও শিক্ষার্থীরা দুপুরের খাবার প্রতিষ্ঠানেই খাবে ।<br>৩। সকল শিক্ষার্থীদের ইউনি ফর্ম পরে প্রতিষ্ঠানে আসতে হবে ।<br>৪। সকল শিক্ষক ও কর্মচারী মার্জিত পোশাক পরে প্রতিষ্ঠানে আসবে । কোন শিক্ষক ও কর্মচারী টি সার্ট পরে প্রতিষ্ঠানে আসবে না ।<br>৫। সকল প্রতিষ্ঠান প্রধান প্রতিষ্ঠান চলাকালীন সময়ে বিদ্যালয় ত্যাগ করলে মুভমেন্ট রেজিষ্টারে প্রতিষ্ঠান ত্যাগের কারণ লিপিবদ্ধ করতে হবে ।<br>৬। সকাল ৯.৫৫ মিনিটে প্রাত্যহিক সমাবেশ শেষ করতে হবে । পরবর্তী ৫ মিনিট ফ্রেশ হয়ে ১০.০০ টায় সকল শ্রেণির কার্যক্রম শুরু হবে এবং ৪.১৫ মিনিটে শ্রেণী কার্যক্রম শেষ হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। প্রতিষ্ঠান প্রধানসহ শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষক কর্মচারী ও শিক্ষার্থী । |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন ।

১৬.০৭.২৫

( মো: আ: আউয়াল আকন )
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
মধুখালী , ফরিদপুর ।

স্মারক নং- ৩৭.০২.০০০০.৪৩.২০২৫.১৭১(১) তারিখ: ১৬/০৭/২০২৫ খ্রি: ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ।

১। উপজেলা নির্বাহী অফিসার , মধুখালী , ফরিদপুর ।
২। জেলা শিক্ষা অফিসার , ফরিদপুর ।
৩। প্রধান শিক্ষক/সুপার/অধ্যক্ষ.................................................................কলেজ/বিদ্যালয়/মাদ্রাসা, মধুখালী ,ফরিদপুর ।
৪। দপ্তর কপি ।

১৬.০৭.২৫

( মো: আ: আউয়াল আকন )
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
মধুখালী , ফরিদপুর ।